


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা

স্মারক নম্বর-৩৭.০২.০০০০.১০১.০৬.০০১.১৬-৩৫৫২১

তারিখ: ০১/০৮/২০১৮ খ্রি.

বিষয়: সকল শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদান কার্যক্রম যথারীতি অব্যাহত রাখা সংক্রান্ত

সম্প্রতি সংঘটিত বাস দুর্ঘটনায় শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ-এর দুইজন শিক্ষার্থী নিহত ও কয়েকজন শিক্ষার্থী আহত হওয়ার পরিপ্রেক্ষিতে গভীর শোক ও সমবেদনা প্রকাশপূর্বক সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, শিক্ষকবৃন্দ ও সংশ্লিষ্ট সকলকে শিক্ষার্থীদের প্রতি সহানুভূতিশীল থেকে তাদের ভবিষ্যৎ উজ্জ্বল জীবনের কথা বিবেচনা করে প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রম যথারীতি স্বাভাবিক রাখার লক্ষ্যে প্রয়োজনীয় সকল কার্যক্রম ও উদ্যোগ গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

  
০১.০৮.২০১৮

প্রফেসর মোঃ মাহাবুবুর রহমান  
মহাপরিচালক  
ফোন-৯৫৫৩৫৪২

বিতরণ :

- ০১। আঞ্চলিক পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা আঞ্চলিক কার্যালয়
- ০২। আঞ্চলিক উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা আঞ্চলিক কার্যালয়
- ০৩। জেলা শিক্ষা অফিসার (সকল), জেলা শিক্ষা অফিস
- ০৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
- ০৫। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল)

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ০১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৩। সংরক্ষণ নথি

মর্মান্তিক দুর্ঘটনায় নিহত শিক্ষার্থীদের পরিবারের সদস্যবৃন্দ ও স্বজনদের প্রতি শিক্ষামন্ত্রীর গভীর শোক  
শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলকে ধৈর্য্য ধারণ ও শান্ত থাকার আহবান

ঢাকা, ১ আগস্ট ২০১৮


শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় দুই শিক্ষার্থীর নিহত ও কয়েকজন শিক্ষার্থীর আহত হওয়ার ঘটনায় গভীর শোক ও মর্মবেদনা প্রকাশ করেছেন। তিনি বলেন, এ ধরণের অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনায় সহপাঠীর মৃত্যুতে কোমলমতি শিক্ষার্থীসহ আমরা শিক্ষা পরিবারের সকলে শোকার্ত।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সভাপতিত্বে আজ মন্ত্রণালয়ের সভাকক্ষে উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ ও সংশ্লিষ্টদের সাথে এক তাৎক্ষণিক সভায় তিনি শিক্ষা পরিবারের পক্ষ থেকে সংশ্লিষ্ট সকলের প্রতি আন্তরিক সমবেদনা ও সহমর্মিতা জ্ঞাপন করেন।

সভায় শিক্ষাসচিব মো. সোহরাব হোসাইন, মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিবগণ এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মো. মাহবুবুর রহমানসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

সভায় শিক্ষামন্ত্রী বলেন যে, উক্ত দুর্ঘটনার সাথে সংশ্লিষ্টদের সর্বোচ্চ শান্তি নিশ্চিত করা এবং সড়ক পরিবহনকে সুশৃঙ্খল ও নিরাপদ করার লক্ষ্যে প্রধানমন্ত্রী ইতোমধ্যে কঠোর নির্দেশনা প্রদান করেছেন। সে অনুযায়ী স্বরাষ্ট্র মন্ত্রণালয় যথাযথ উদ্যোগ গ্রহণ করেছে এবং দোষীদের গ্রেফতার করেছে। সংশ্লিষ্ট দোষীদের সর্বোচ্চ শাস্তির বিষয়ে আইনানুগ কার্যক্রম গ্রহণ অব্যাহত আছে।

সভায় মন্ত্রী শোকার্ত কোমলমতি শিক্ষার্থীদেরকে শোক সংবরণ করে শান্ত থাকা ও ধৈর্য্য ধারণ করার জন্য আহবান জানান। তিনি সংশ্লিষ্ট সকল শিক্ষক, অভিভাবক ও অন্যান্যদেরকে শিক্ষার্থীদের পাশে থেকে শিক্ষা কার্যক্রমে সহযোগিতা করার জন্য ভূমিকা রাখার জন্য বিশেষভাবে অনুরোধ জানান।



মোহাম্মদ আফরাজুর রহমান

উপ-প্রধান তথ্য অফিসার

শিক্ষামন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯